

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ।

দরপত্র আহবান ফরম।

সূত্র: ১৮.১৬.০০০০.৩৮৫.২২.০২২.১৮

তারিখ: ১১-১২-২০১৮খ্রিঃ

মেসার্স-----

চট্টগ্রাম।

প্রিয় মহোদয়গন,

বিষয়:-এম,টি, “বাংলার জ্যোতি”-জাহাজে Saloon Stores সরবরাহের দরপত্র দাখিল করা প্রসংগে।

এতদসংগে সংযুক্ত তালিকা অনুযায়ী Saloon Stores সরবরাহের নিমিত্তে এতদ্বারা PPA-2006 & PPR-2008 এর RFQM অনুসরণে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র আগামী ১৭-১২-২০১৮খ্রিঃ তারিখ বেলা ১৪-১৫ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। প্রাপ্ত দরপত্র সমূহ একই তারিখ বেলা ১৪-১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে:-

নিম্নে বর্ণিত শর্ত/নিয়মানুসারে দরপত্র দাখিল করিতে হইবে অন্যথায়, উহা গ্রহনযোগ্য বলিয়া বিবেচিত হইবে না:-

- ০১। দরপত্রদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড (ছাপানো) প্যাডে টাইপকৃত দরপত্র ০৩ (তিন) কপি দাখিল করিতে হইবে। ঘষা-মাজা বা ফ্লুইড যুক্ত দরপত্র অথবা প্যাডের ফটোকপিতে দাখিলকৃত দরপত্র গ্রহনযোগ্য হইবে না। কাটাকাটির ক্ষেত্রে দরপত্র দাখিলকারীর স্বাক্ষর আবশ্যিক।
- ০২। প্রতিষ্ঠানের সীলমোহর থাকিতে হইবে;
- ০৩। কর্পোরেশন দরপত্রের কেবল মাত্র একক মূল্য গ্রহণ করার ক্ষমতা সংরক্ষন করে;
- ০৪। কর্পোরেশন কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র আংশিক কিংবা সম্পূর্ণ গ্রহন অথবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে;
- ০৫। দরপত্র খোলার পর উদ্ধৃত দরের কোন রূপ সংশোধন/পরিবর্তন গ্রহনযোগ্য হইবে না;
- ০৬। দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ভেডার লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্রের সাথে দাখিল করিবার জন্য অনুরোধ করা হইল।
- ০৭। কার্যাদেশে উল্লেখিত সরবরাহের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে বিল অবশ্যই অত্র বিভাগে জমা দিতে হইবে।
- ০৮। চট্টগ্রাম বন্দরে/বহিঃনোঙ্গরে সরবরাহের ক্ষেত্রে কোন বোট বা ট্রলার ভাড়া প্রদান করা হইবে না।
- ০৯। কার্যাদেশ প্রাপ্তির পর মালামাল অত্র সংস্থার রিসিভিং কমিটির সাথে যোগাযোগ পূর্বক সরবরাহ করিতে হইবে।
- ১০। মালামাল সমূহ অবশ্যই Marine Standard হইতে হইবে।
ধন্যবাদান্তে,

আপনাদের বিশ্বস্ত,
বাংলাদেশ শিপিং কর্পোরেশনের পক্ষে,

(তনিমা আফরোজ)
সহকারী ব্যবস্থাপক (এসএসএম)